গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা -৫
www.mof.gov.bd

নং-০৭.১৫৫.০১৫.২৬.০৪.০০১.২০১০-

তারিখঃ ০৫-১১-১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে গাড়ী চালকের পদ সৃজন এবং পিকআপ ভ্যান টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণ সম্পর্কিত।

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং-২৬.০০.০০০০.০৯০.২৬.০৮০.১১-১৩ তারিখঃ ১৮-১-২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জন্য টিওএন্ডইভুক্ত ৭টি মোটর সাইকেলের পরিবর্তে ৬টি বিভাগীয় শহরের জন্য ৬টি গাড়ী চালকের পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজন এবং ৬টি পিকআপ ভ্যান টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণে নিম্নোক্ত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

শর্তাবলীঃ

১. যানবাহন টিওএন্ডইভুক্তকরণে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদন গ্রহণ করতে হবে;
২. এ বিষয়ে প্রযোজ্য সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে;
৩. পদ সৃজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে;
৪. প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করতে;
৫. পদের বেতনস্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক যাচাই করতে হবে;
৬. জারিকৃত জি.ও.তে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন গ্রহণ করতে হবে;
৭. পৃষ্ঠাংকিত জি.ও. এর ১(এক) কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অফিসের হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করতে হবে এবং ১(এক)কপি নিয়ন্ত্রণকারী অফিসে সংরক্ষণ করতে হবে;
৮. যে তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে পদ সৃজনের জি.ও. জারী করা হবে সে তারিখ থেকে পদগুলি সৃজিত হবে;
৯. মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক এবং যানবাহন অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেটেড করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
১০. মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে;
১১. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত অন্যান্য শর্তাবলী পালন করতে হবে।

(বিলকিস জাহান রিমি)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৬০৩৭

সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৫

নং ০৭.০০.০০০০.১৬০.২২.০০২.১১-৬২

তারিখ: ২৫-০৩-২০১৪ খ্রিঃ

বিষয়: জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজস্বখাতে গাড়ী চালক পদের বেতনস্কেল ভেটিং।

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.০৯০.২২.০২০.১১-৩৮, তারিখ: ০৯-০৩-২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪-০৪-২০১২ খ্রিঃ তারিখের ০৫.১৬০.০১৫.০০.০০.০১৩.২০১১-৭০ নম্বর স্মারক এবং অর্থ বিভাগের ব্যয়নিয়ন্ত্রণ অনুবিভাগের ২৬-০২-২০১৩ খ্রিঃ তারিখের ০৭.১৫৫.০১৩.২৬.০৪.০০১.২০১০-১৬২ নম্বর স্মারকের মাধ্যমে পদ সৃজনের সম্মতির প্রেক্ষিতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের জন্য ০১টি গাড়ী চালক পদের বেতনস্কেল নিম্নরূপ শর্ত সাপেক্ষে নির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | সুপারিশকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেঃ'০৯) | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ড্রাইভার-০১টি | টাঃ ৪৭০০-৯৭৪৫ (গ্রেড-১৬) | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) খসড়া নিয়োগ বিধিমালা-২০১০ অনুযায়ী পূরণযোগ্য। |
| | | টাঃ ৪৯০০-১০৪৫০ (গ্রেড-১৫) হেভী লাইসেন্স থাকা সাপেক্ষে | |

শর্তসমূহ:

(ক) উপরের ছকে ৩নং কলামে সুপারিশকৃত বেতনস্কেল ৪নং কলামে বর্ণিত নিয়োগ বিধির যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে কার্যকর হবে, এর ব্যত্যয় ঘটিয়ে বেতনস্কেল কার্যকর করা যাবে না;

(খ) এতদসংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি প্রতিপালনপূর্বক সরকারি আদেশ (জি.ও) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ থেকে পৃষ্ঠাংকন করাতে হবে; এবং

(গ) এ বিষয়ে প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(রাশিদা খাতুন)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০১৮৪

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ শাখা -৫
www.mof.gov.bd

২৬-২-২০১৩ খ্রিস্টাব্দ
নং-০৭.১৫৫.০১৫.২৬.০৪.০০১.২০১০-১৭৫ তারিখঃ --------------------
১৪-১১-১৪১৯ বঙ্গাব্দ

বিষয়ঃ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে গাড়ী চালকের পদ এবং পিকআপ ভ্যান অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং-২৬.০০.০০০০.১১৫.২৬.০৮০.১১-১৪ তারিখঃ ৩-২-২০১৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় শহরের জন্য ১টি গাড়ী চালকের পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনে এবং ১টি পিকআপ ভ্যান টিওএন্ডইতে অন্তর্ভুক্তিতে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলীঃ

১১. যানবাহন টিওএন্ডইভুক্তকরণে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদন গ্রহণ করতে হবে;
১২. এ বিষয়ে প্রযোজ্য সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে;
১৩. পদ সৃজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে;
১৪. প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করতে;
১৫. পদের বেতনস্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক যাচাই করতে হবে;
১৬. জারিকৃত জি.ও.তে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন গ্রহণ করতে হবে;
১৭. পৃষ্ঠাংকিত জি.ও, এর ১(এক) কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অফিসের হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করতে হবে এবং ১(এক)কপি নিয়ন্ত্রণকারী অফিসে সংরক্ষণ করতে হবে;
১৮. যে তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে পদ সৃজনের জি,ও, জারী করা হবে সে তারিখ থেকে পদগুলি সৃজিত হবে;
১৯. মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক এবং যানবাহন অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
২০. মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১- ১১১ সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে;
২১. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত অন্যান্য শর্তাবলী পালন করতে হবে।

২৬/২/১৩

(বিলকিস জাহান রিমি)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৬৯১৮

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।